



জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন,
নিউ ইয়র্ক
Permanent Mission of Bangladesh to the
United Nations, New York



প্রেস রিলিজ

এলডিসি-৫ প্রস্তুতিমূলক সভার থিমেটিক আলোচনা

এলডিসি থেকে উত্তরণ টেকসই করতে প্রয়োজন সাহসী, উদ্ভাবনী, উন্নত ও সমন্বিত সহায়তা পদক্ষেপ-রাষ্ট্রদূত রাবাব ফাতিমা

নিউইয়র্ক, ২৬ মে ২০২১:

স্বল্পোন্নত দেশের ক্যাটেগরি থেকে উত্তরিত ও উত্তরণের পথে থাকা দেশগুলোর উত্তরণকে টেকসই করতে উন্নয়ন সহযোগী দেশ ও গ্রুপ এবং জাতিসংঘসহ সংশ্লিষ্ট অন্যান্য আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থার সাহসী, উদ্ভাবনী, উন্নত ও সমন্বিত সহায়তা পদক্ষেপ প্রয়োজন -আজ জাতিসংঘ সদরদপ্তরে চলমান এলডিসি-৫ প্রস্তুতিমূলক সভায় অংশ হিসেবে আয়োজিত এক ভারুয়াল থিমেটিক আলোচনা অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে একথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। “উত্তরিত ও উত্তরণের পথে থাকা দেশগুলোর জন্য উন্নত সহায়তা পদক্ষেপ” শীর্ষক এই আলোচনা অনুষ্ঠানটি যৌথভাবে আয়োজন করে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন; জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসি (ইউএন-সিডিপি) ও স্বল্পোন্নত দেশ, ভূ-বেষ্টিত উন্নয়নশীল দেশ এবং উন্নয়নশীল ক্ষুদ্র দ্বীপ রাষ্ট্রসমূহের জন্য নিযুক্ত জাতিসংঘের উচ্চ প্রতিনিধির কার্যালয়।

রাষ্ট্রদূত ফাতিমা বলেন, কোভিড-১৯ এর কারণে এলডিসি থেকে উত্তরিত ও উত্তরণের পথে থাকা দেশগুলি এজেন্ডা-২০৩০ বাস্তবায়নে ব্যাপক চ্যালেঞ্জের মুখে পড়েছে। এমন সঙ্কটময় পরিস্থিতিতে দেশগুলোর বাণিজ্য, মেধাস্বত্ব অধিকার ও বিনিয়োগের ক্ষেত্রে ‘টেকসই উত্তরণ সহায়তা সুবিধাদি (এসজিএসএফ)’ এর মতো নতুন ও উন্নত সহায়তা কাঠামোর বাস্তবায়ন করা প্রয়োজন।

বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি প্রত্যাশা ব্যক্ত করেন যে জাতিসংঘসহ ‘ইন্টার-এজেন্সি টার্ম ফোর্স (আইএটিএফ)’ এসকল দেশগুলোর চ্যালেঞ্জ মোকাবিলায় যুগ্মসহ ধারণা নিয়ে আসবে যা উত্তরিত ও উত্তরণের পথে থাকা দেশগুলোর টেকসই উত্তরণ নিশ্চিত করবে এবং তাদেরকে পিছলে পড়ার ঝুঁকি থেকে রক্ষা করবে।

কাতারে ২০২২ সালে অনুষ্ঠিতব্য জাতিসংঘের পঞ্চম এলডিসি সম্মেলনের সফলতা ঘরে তুলতে প্রস্তুতিমূলক কমিটির চলমান এই সভা তাৎপর্যপূর্ণ অবদান রাখবে বলে আশা প্রকাশ করেন এলডিসি-৫ এর প্রস্তুতিমূলক সভার কো-চেয়ার রাষ্ট্রদূত রাবাব ফাতিমা। তিনি আরও বলেন, প্রস্তুতি কমিটির এ সভাসমূহের মাধ্যমে আন্তর্জাতিক সম্প্রদায় ও উন্নয়ন অংশীদারগণ উত্তরিত ও উত্তরণের পথে থাকা দেশগুলোর জন্য কোভিড-১৯ এর চ্যালেঞ্জসহ উত্তরণের অন্যান্য চ্যালেঞ্জ মোকাবিলায় যথোপযুক্ত সহায়তা পদক্ষেপ গ্রহণ করতে পারবে।

আলোচনা অনুষ্ঠানটিতে অংশ নেন সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) এর পরিচালক তাফিরি টেসফাসিউ এবং ড. দেবপ্রিয় ভট্টাচার্য। জনাব তাফিরি এজিএসএফ এর বিস্তারিত বিষয় এবং ড. দেবপ্রিয় উত্তরণের পথে থাকা দেশগুলোর নিবিড় পর্যবেক্ষণ প্রক্রিয়া নিয়ে তাৎপর্যপূর্ণ আলোচনা করেন।

ইভেন্টটিতে স্ব স্ব দেশের উত্তরণ পরবর্তী অভিজ্ঞতা ও চ্যালেঞ্জসমূহ তুলে ধরেন মালদ্বীপের জাতীয় পরিকল্পনা, গৃহায়ন ও অবকাঠামো বিষয়ক মন্ত্রী মোহাম্মদ আসলাম এবং ভানুয়াতুর প্রধানমন্ত্রী কার্যালয়ের মহাপরিচালক গ্রিগরি নিম্বটিক।

আলোচনায় অংশ নেন স্বল্পোন্নত দেশ, ভূ-বেষ্টিত উন্নয়নশীল দেশ এবং উন্নয়নশীল ক্ষুদ্র দ্বীপ রাষ্ট্রসমূহের জন্য নিযুক্ত জাতিসংঘের উচ্চ প্রতিনিধির কার্যালয়ের পরিচালক ও আইএটিএফ এর সভাপতি; ইউরোপীয় ইউনিয়ন কমিশনের উপ-ইউনিট প্রধান, আইটিইউ-এর ডেপুটি সেক্রেটারি জেনারেল। বক্তব্য রাখেন বাংলাদেশ, লাওস ও জিবুতিতে নিযুক্ত জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী ও তাদের প্রতিনিধিবর্গ। স্বতঃস্ফূর্ত আলোচনা পর্বে অংশ নেন জাতিসংঘে নিযুক্ত লাওস, নেপাল ও ভূটান স্থায়ী মিশনের প্রতিনিধিবর্গ। জাতিসংঘের সদস্য দেশসমূহের উল্লেখযোগ্য সংখ্যক কূটনীতিক এবং জাতিসংঘ সদরদপ্তর, এর সহযোগী সংস্থা ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিবর্গ ইভেন্টটিতে অংশগ্রহণ করেন।

উল্লেখ্য গত ২৪ মে জাতিসংঘ সদরদপ্তরে শুরু হওয়া এলডিসি-৫ এর প্রস্তুতিমূলক সভা আগামী ২৮ মে শেষ হবে।



জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন,
নিউ ইয়র্ক
Permanent Mission of Bangladesh to the
United Nations, New York

